

উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, কিশোরগঞ্জ, নীলফামারীর ২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ভুক্ত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder) অংশ গ্রহণে অনুষ্ঠিত সভার কার্য বিবরণীঃ

সভাপতি

ডাঃ মোঃ নাহিদ সুলতান
ভেটেরিনারি সার্জন

সভার স্থান

উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, কিশোরগঞ্জ, নীলফামারীর প্রশিক্ষণ কক্ষ।

তারিখ

২৫.০৫.২০২২ খ্রিঃ

সময়

১১.০০.

উপস্থিতির তালিকাঃ পরিশিষ্ট ক

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের সকল কর্মকর্তা, কর্মচারী এবং অন্যান্য অংশীজনের (Stakeholders) সম্মিলিত কর্মসম্পাদনের মাধ্যমে প্রাণিসম্পদ সংক্রান্ত সেবা জনগণের দোর গোড়ায় পৌঁছানো সম্ভব হচ্ছে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের কেন্দ্রীয় পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের তদারকির ফলে মাঠ পর্যায়ের কাজ সুচারু রূপে সম্পন্ন করা সম্ভব হচ্ছে, প্রাণিসম্পদ সংশ্লিষ্ট বিভিন্ন আইন ও বিধি মালা তৈরিতে এবং পশুখাদ্য উৎপাদন/প্রক্রিয়া জাতকরণ/সংরক্ষণকারী প্রতিষ্ঠানের (ক্যাটাগরি-১), পশুখাদ্য আমদানি কারক/পশুখাদ্য উপকরণ আমদানি/রপ্তানি কারক প্রতিষ্ঠানের (ক্যাটাগরি-২), পশুখাদ্য বিক্রয়ের (ক্যাটাগরি-৩), জন্মলাইসেন্সপ্রদান এবং পশুপুষ্টি উপকরণ ও ভেটেরিনারি ঔষধ সামগ্রী আমদানির অনাপত্তি সনদ (NOC) ও পোষা প্রাণী আমদানি/রপ্তানির অনাপত্তি সনদ (NOC) প্রদান প্রক্রিয়া গতিশীলতা পেয়েছে। পাশাপাশি কেন্দ্রীয় পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কর্ম প্রয়াসের ফলে দেশীয় ও আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা/বিভাগ/ মন্ত্রণালয়ের সাথে কর্মসম্পাদন করা সহজতর হচ্ছে।


প্রশিক্ষণের এ পর্যায়ে সভাপতি মহোদয় ডাঃ মোঃ মফিজুল ইসলাম, প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা কে সুশাসন বিষয়ে তথ্যাদি উপস্থাপনের জন্য আহ্বান জানান। ডাঃ মোঃ মফিজুল ইসলাম, প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর আওতায় জেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের কেন্দ্রীয় ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা, কর্মচারী এবং অন্যান্য অংশীজনের (Stakeholders) শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে এ কার্যক্রম কে আরও গতিশীল করতে হবে। তিনি এ কার্যক্রমে সকলের অংশ গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন।

উক্ত আলোচনায় উপস্থিত অংশ গ্রহণকারীগণ নিজ নিজ অভিমত ব্যক্ত করেন। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে সর্ব সম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

১) উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, সকল কর্মকর্তা, কর্মচারী এবং অন্যান্য অংশীজনের (Stakeholders) নিয়মিত ভাবে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২) জনগণের কাছে নিরাপদ প্রাণিজ আমিষ সরবরাহ করার নিমিত্তে সকল অংশীজনের সর্বোচ্চ অংশ গ্রহণের মাধ্যমে এ কর্ম তৎপরতা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন ও আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।


২৫.০৫.২০২২

(ডাঃ মোঃ নাহিদ সুলতান)

ভেটেরিনারি সার্জন

কিশোরগঞ্জ, নীলফামারী

ও

সভাপতি, নৈতিকতা কমিটি,

জাতীয় শুদ্ধাচার কৌশলকর্ম-পরিকল্পনা।